



পদ্মা নদীতে বাসডুবিতে ৮ জন জীবিত উদ্ধার, নিখোঁজ ৩৩



উদ্ধার কার্যক্রম পরিচালনা করছে উদ্ধারকারী জাহাজ 'হামজা'। ছবি: সংগৃহীত

রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ফেরিঘাট থেকে যাত্রীবাহী বাস পদ্মা নদীতে পড়ে যায়। দুর্ঘটনায় এখনও পানির নিচে ৩৩ জনের মরদেহ রয়েছে বলে ফায়ার সার্ভিস সূত্রে জানা গেছে। বুধবার (২৫ মার্চ) বিকেল ৫টার দিকে ঘাটের ৩ নং পন্থুনে এ ঘটনা ঘটে।

ফরিদপুর ফায়ার সার্ভিসের কমান্ডার মো. বেলাল উদ্দিন বলেন, উদ্ধার অভিযানে দুজন ডুবুরি ও সহকারী ডুবুরি এবং পাঁচ সদস্যবিশিষ্ট ফায়ার সার্ভিস দল কাজ করছে।

রাজবাড়ীর সিভিল সার্জন ডা. এসএম মাসুদ জানান, এ পর্যন্ত দুই নারীর মরদেহ উদ্ধার করা হয়েছে এবং গোয়ালন্দ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রাখা হয়েছে। নিহতদের পরিচয় এখনও জানা যায়নি।

প্রাথমিক তথ্য অনুযায়ী, বাসটিতে ৫০-৫৫ যাত্রী ছিলেন। একটি ফেরি পন্থুনে আঘাত করলে বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে নদীতে পড়ে যায়। দুর্ঘটনার পর পাঁচ থেকে সাত যাত্রী সাঁতরে তীরে উঠতে সক্ষম হয়েছেন।

উদ্ধারকারী জাহাজ 'হামজা' ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার কার্যক্রম পরিচালনা করছে। স্থানীয় নৌপুলিশ, ফায়ার সার্ভিস ও অন্যান্য উদ্ধারকর্মীরাও তৎপর রয়েছেন।